কোনো ইলেক্ট্রিক উপকরণ বেরিয়ে আসলে রিপোর্ট করুন

সেন্ট্রাল হাডসন: 800-527-2714
Con Ed: 800-752-6633
জাতীয় গ্রিড: 800-867-5222
NYSEG: 800-572-1131
O&R: 877-434-4100
PSEG-LI: 800-490-0075
RG&E: 800-743-1701

গ্যাস লিক হলে রিপোর্ট করুন

সেন্ট্রাল হাডসন: 800-942-8274
Con Ed: 800-752-6633
কণিরং গ্যাস: 800-834-2134
নেশনাল ফুয়েল: 800-444-3130
জাতীয় গ্রিড:
লং আইলেন্ড: 800-490-0045
মেট্রো নিউ ইয়র্ক সিটি (এনওয়াইসি): 718-643-4050
আপস্টেট: 800-892-2345
NYSEG: 800-572-1121
O&R: 800-533-5325
RG&E: 800-743-1702
সেন্ট লরেন্স: 800-673-3301

খননের পূর্বে কল করুন

খনন বা মাটি কাটার পরিকল্পে মাটির নিচের পাইপ বা তার অনিচ্ছাকৃতভাবে ক্ষতিগ্রস্ত করতে পারে যা নিরাপত্তার জন্য হুমকি সৃষ্টি করতে পারে। কোথাও খননের পূর্বে আপনি যদি জেনে নেন ইউটিলিটি লাইনসমূহ কোথায় পুতে রাখা হয়েছে, সেটি জেনে নিলে তা আপনাকে সার্ভিস লাইনসমূহের ক্ষতিসাধন করা থেকে বিরত থাকতে সহায়তা করবে, আপনাকে আহত হওয়া থেকে রক্ষা করবে এবং সেবাসমূহ বিঘ্নিত হওয়া, সম্পদের ক্ষতি হওয়া ও ব্যয়বহুল মেরামত ব্যয় থেকে রক্ষা করবে।

- আপনি যদি আপনার সম্পত্তিতে খনন বা মাটি কাটতে চান তাহলে আপনাকে বা আপনার এক্সকাভেটরকে আপনি খনন শুরু করার দুই থেকে দশ দিন পূর্বে "811" (নম্বরে খননের পূর্বে জাতীয় কল করবেন) কল করতে হবে।
- 811 একটি টোল ফ্রি নম্বর যেটি সপ্তাহে সাত দিন এবং দিনে 24 ঘণ্টাই খোলা থাকে। আপনার কলটি আপনার স্থানীয় ওয়ান কল সেন্টারে পাঠানো (রাউটেড) হবে। অপারেটরকে আপনার পরিকল্প সম্পর্কে বলুন।
- সেন্টারের কর্মকর্তাগণ ক্ষতিগ্রস্ত ইউটিলিটিসমূহ (ইলেক্ট্রিক, গ্যাস, পানি, কেবল ইত্যাদি) সম্পর্কে অবহিত করবে এবং তারা কর্মী পাঠাবেন এবং আপনার জন্য বিনা খরচে তাদের লাইনসমূহের সম্ভাব্য অবস্থানসমূহ চিহ্নিত করে দেবেন। নিচে কি আছে তা আপনি জানতে পারবেন এবং নিরাপদে খনন করতে পারবেন।

NEW YORK STATE OF OPPORTUNITY. | ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস

ভিজিট করুন **www.AskPSC.com**, টোল ফ্রি কল করুন এই নম্বরে **1-800-342-3377** অথবা ইমেইল করুন **web.questions@dps.ny.gov**

02/19 rv

বৈদ্যুতিক সুরক্ষা চলমান

আকস্মিক ভোল্টেজ উঠানামা থেকে দূরে থাকুন: ক্ষতিগ্রস্ত, ভাঙ্গা বা সঠিকভাবে ইনস্টল করা হয়নি এমন ইলেক্ট্রিক ডিভাইসসমূহ পাশবর্তী বস্তুসমূহে বিদ্যুত সরবরাহ করতে পারে এবং সেগুলো বিদ্যুতায়িত হয়ে যেতে পারে। এই "আকস্মিক ভোল্টেজ উঠানামা" তার সংস্পর্শের আসা যেকোনো কিছু, বিশেষত প্রাণী ও মানুষজন যারা জুতা (জুতা বিদ্যুত নিরোধক) পরিহিত নয় তাদের জন্য বিপজ্জনক।

- বৃষ্টিময় বা খুব গরম বা আদর্র দিনগুলোতে বাইরে হাঁটার সময় যেকোনো ধাতব বা বৈদ্যুতিক বস্তু (রাস্তার আলো, ম্যানহোলের ঢাকনা, ঝাঁঝরি বা পাওয়ার বক্স) এর সংস্পর্শ এড়িয়ে চলুন।
- আপনি যদি কোনো শক অনুভব করেন বা আপনার পোষা প্রাণী শক খেয়েছে বলে মনে করেন তাহলে আপনার স্থানীয় ইউটিলিটিকে অবহিত করুন।

বহনযোগ্য জেনারেটরের জন্য সাধারণ টিপস:
জরুরি জেনারেটরসমূহ যদি সঠিকভাবে ব্যবহার করা না হয় তাহলে সেগুলো খুব বিপজ্জনক হতে পারে - ব্যবহারকারীর ম্যানুয়ালে উল্লেখিত সকল সুরক্ষা নির্দেশনা অনুসরণ করুন।

- কোনো বহনযোগ্য জেনারেটর সংযোগ দেওয়ার পূর্বে জেনারেটর থেকে বাড়ির বাইরের লাইনসমূহে বিদ্যুত পরিবাহিত হওয়া রোধ করতে মূল ইলেক্ট্রিক্র বের্কার বন্ধ করুন বা প্রধান প্যানেল ফিউজ খুলে নিন, কেননা এটি লাইনের কর্মী বা প্রতিবেশীদের জন্য বিপজ্জনক হতে পারে।
- কার্বন মনো-অক্সাইড এর বিষক্রিয়া প্রতিরোধ করতে আপনার জেনারেটরে পর্যাপ্ত বায়ু চলাচল নিশ্চিত করুন। কখনোই কোনো জেনারেটর ঘর, গ্যারেজ, বেসমেন্ট অথবা অন্যান্য আবদ্ধ বা আংশিক আবদ্ধ জায়গায় ব্যবহার করবেন না।

প্রাকৃতিক গ্যাস থেকে সুরক্ষা

অনেক পরিবার ও ব্যবসার জন্য প্রাকৃতিক গ্যাস শক্তির গুরুত্বপূর্ণ একটি উত্স: এটি ফুয়েল স্টোভ, ওয়াটার হিটার, ড্রায়ার, ফার্নেস বা অন্যান্য যন্ত্রপাতিতে ব্যবহার করা হয়। যাইহোক, যদি সতর্কতার সাথে ব্যবহার করা না হয় তাহলে প্রাকৃতিক গ্যাস বিপজ্জনক হয়ে উঠতে পারে। নিরাপদে প্রাকৃতিক গ্যাস ব্যবহার করতে এই নির্দেশনাগুলো মেনে চলুন:

প্রাকৃতিক গ্যাস সুরক্ষা চলমান

লিক/ছিদ্র হয়ে যাওয়ার সংকেতসমূহ জেনে নিন: প্রাকৃতিক গ্যাস লিক বিরল, কিন্তু একটি লিক ঘটেছে তা নির্দেশ করা লক্ষণ আছে।

- গন্ধ শুঁকে - পঁচা ডিমের মতো কড়া গন্ধ। প্রাকৃতিক গ্যাসের কোনো গন্ধ হয় না সেজন্য আপনাকে গন্ধ শুঁকে সম্ভাব্য লিক হওয়া শনাক্ত করতে সহায়তা করার জন্য এর সাথে একটি কড়া গন্ধ যোগ করা হয়।
- দেখে - স্থির পানি, আবর্জনা বা ধ্বংসাবশেষ থেকে বুদবুদ উঠে বাতাসে মিলিয়ে যাওয়া বা পাইপলাইন এলাকার উদ্ভিদকুল মরে যাওয়া দেখে।
- শব্দ শুনে – গর্জন, হিসহিস বা শীষের মতো আওয়াজ।

আপনি যদি গ্যাস লিক হওয়া সন্দেহ করেন তাহলে কী করতে হবে

- ত্যাগ করা - সাথে সাথে বাড়ি থেকে সবাইকে খালি করতে হবে এবং প্রাঙ্গণ ত্যাগ করতে হবে।
- বন্ধ করা - এমন কিছু ব্যবহার করবেন না/কাজ করবেন না যা স্ফুলিঙ্গ তৈরি করতে পারে যেমন- যন্ত্রপাতি বা আলো চালু বা বন্ধ করা, টেলিফোন বা সেলফোন ব্যবহার করা, ডোরবেল বাজানো বা গাড়ি স্টার্ট দেওয়া।
- কল করুন - আপনি কোনো নিরাপদ অবস্থান যেমন- প্রতিবেশীর বাড়িতে পৌঁছানোর পর আপনার স্থানীয় গ্যাস ইউটিলিটিতে যোগাযোগ করুন বা 911 নম্বরে কল করুন।

গ্যাসচালিত যন্ত্রপাতি নিরাপদে ব্যবহার করুন

- আপনার বাড়ি গরম করতে কোনো গ্যাস রেঞ্জ (ওভেন বা বার্নার) ব্যবহার করবেন না—একটি আবদ্ধ বাড়িতে বা অ্যাপার্টমেন্টে দীর্ঘ সময় উন্মুক্ত ওভেন ব্যবহার করার ফলে কার্বন মনো-অক্সাইড নামক একটি গন্ধহীন, বিষাক্ত গ্যাস সৃষ্টি হতে পারে।
- কখনোই ঘরে বা কোনো বদ্ধ জায়গা যেমন- গ্যারেজ বা বেসমেন্টে রান্না বা গরম করার জন্য গ্যাস গ্রিল ব্যবহার করবেন না। এই কাজের ফলে মনো-অক্সাইড বিষক্রিয়া সৃষ্টি হতে পারে।
- প্রাকৃতিক গ্যাসচালিত জিনিসপত্রের আশেপাশের এলাকা পরিষ্কার ও অবরোধমুক্ত রাখুন।
- পরিষ্কার করার পণ্যদ্রব্য, গ্যাসোলিন, পেইন্ট এবং।
- অন্যান্য দাহ্য বস্তু প্রাকৃতিক গ্যাসচালিত জিনিসপত্র থেকে দূরে রাখুন।
- যদি পাইলট লাইট নিভে যায় তাহলে সবগুলো নব বন্ধ করা নিশ্চিত করুন এবং পুনরায় জ্বালানোর পূর্বে কয়েক মিনিট অপেক্ষা করুন। গ্যাস চালু করার পূর্বেই ম্যাচ জ্বালিয়ে সেটি পাইলট লাইটের কাছে ধরুন। আপনার যদি পাইলট লাইটটি পুনরায় জ্বালাতে সমস্যা হয় তাহলে গ্যাস ভালভ বন্ধ করুন এবং আপনাকে সহায়তা করার জন্য একজন মেরামত বিশেষজ্ঞকে ডাকুন।

NEW YORK STATE OF OPPORTUNITY. | ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস

বৈদ্যুতিক ও প্রাকৃতিক গ্যাস সুরক্ষা টিপস

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট গাইড অব পাবলিক সার্ভিস কাস্টমার এর একটি গাইড

নিউ ইয়কর্ স্টেট ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিসকে ইউটিলিটি সেবাসমূহ নির্ভরযোগ্য ও যথাসম্ভব নিরাপদ হওয়া নিশ্চিত করা একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। আপনার বাড়িতে বা ব্যবসা প্রতিষ্ঠানে একবার বিদ্যুত্ বা গ্যাস সেবা নিয়ে আসার পর এটিকে সঠিকভাবে ও নিরাপদভাবে ব্যবহার করা আপনার দায়িত্ব। আপনার বাড়ি বা ব্যবসা প্রতিষ্ঠানে বা এর আশেপাশের এলাকায় দুর্ঘটনা সংঘটিত হওয়া প্রতিরোধ করতে আপনাকে "করণীয়" এবং "বর্জনীয়" বিষয়গুলো শিখতে সহায়তা করার জন্য নিচের টিপসগুলো দেওয়া হলো।

বৈদ্যুতিক সুরক্ষা

বিদ্যুত্ একটি অপরিহার্য সেবা যা কার্যত আধুনিক জীবনের প্রতিটি দিক প্রভাবিত করে। যাইহোক, যে ব্যাপারটি বুঝে নেওয়া গুরুত্বপূর্ণ তা হলো বিদ্যুতের সংস্পর্শে আসার ফলে পুড়ে যাওয়া, শক খাওয়া বা মৃত্যু পর্যন্ত ঘটতে পারে। আপনি যখনই বৈদ্যুতিক সার্কিটের সাথে যুক্ত কোনো কিছু স্পর্শ করার চিন্তা করবেন তখন প্রত্যেকবারই বৈদ্যুতিক সুরক্ষা পর্যবেক্ষণ করে নেওয়া উচিত। এখানে কিছু সুরক্ষা বিষয়ক টিপস দেওয়া হলো যেগুলো স্মরণ রাখতে হবে:

বাড়ি বা ব্যবসা প্রতিষ্ঠানের মধ্যে

তারগুলো সতর্কতার সাথে ব্যবহার করুন: প্রত্যেক বৈদ্যুতিক যন্ত্রপাতির একটি করে তার থাকে এবং অনেক মানুষ বৈদ্যুতিক তারের আউটলেট বাড়ানোর জন্য বর্ধিত তার ব্যবহার করে থাকেন।

- বৈদ্যুতিক তারগুলো ভালো অবস্থায় থাকা নিশ্চিত করুন। সেগুলো যদি ক্ষয় হয়ে যায়, ফেটে যায় বা সেগুলোতে গিঁট পড়ে তাহলে সেগুলো বদলে ফেলুন। তারগুলি একসাথে মুড়িয়ে টেপ দিয়ে জড়ানোর মাধ্যমে সেগুলোতে জোড়াতালি দেওয়ার চেষ্টা করবেন না।
- প্লাগ ব্যবহার করার মাধ্যমে ওয়াল আউটলেটসমূহ থেকে বৈদ্যুতিক ডিভাইসসমূহ বিচ্ছিন্ন করুন। তার ধরে টান দেবেন না কেননা এর ফলে তারের সংযোগ ভেঙ্গে যেতে পারে এবং তারে শর্ট সার্কিট হতে পারে।
- বর্ধিত তারগুলো সংযতভাবে ব্যবহার করুন এবং এক কর্ডের অনেক বেশী যন্ত্রপাতি ব্যবহার করবেন না। অধিক চাপযুক্ত তারগুলো অতিরিক্ত গরম হয়ে যেতে পারে এবং আগুন লেগে যেতে পারে।
- তারগুলো চলাচলের পথের বাইরে নিরাপদে ব্যবহার করুন: কমব্লের নিচে, দরজায় চলাচলের পথে আসবাবপত্রের আশেপাশে রাখবেন না যেখানে রাখলে তা পায়ের নিচে পড়তে পারে, তার সাথে কেউ হোঁচট খেতে পারে বা সেগুলো ভেঙ্গে যেতে পারে। ক্ষতিগ্রস্ত তারগুলো থেকে আগুন লাগতে পারে বা বৈদ্যুতিক শক লাগতে পারে।
- তারের মানদণ্ড ও দূরত্বের সাথে একে যে পরিমাণ লোড বহন করতে হবে সেটি সমন্বয় করে নিন: এটি যে ডিভাইসের জন্য ব্যবহৃত হচ্ছে সেটির জন্য উপযুক্ত হওয়া নিশ্চিত করুন। অতি ভারী বা বাইরের কাজের ক্ষেত্রে তিন-দণ্ড বিশিষ্ট (গ্রাউন্ডেড), পানিরোধী কর্ড ব্যবহার করুন।
- পরিচালনাগত মেশিনপত্র পরিচালনার সময় সেটি ব্যবহারকালীন ক্ষতিগ্রস্ত না হওয়া যেমন- কেটে যাওয়া বা ছিড়ে যাওয়া, নিশ্চিত করতে তারটি বারবার পরীক্ষা করুন।

আপনার বৈদ্যুতিক সিস্টেমের ব্যাপারে স্মার্ট থাকুন:

- সকল সার্কিট ব্রেকার ও ফিউজ বক্স লেবেল দিয়ে রাখুন যাতে প্রতিটি সুইচ কোন আউটলেটে রয়েছে সেটি পরিষ্কারভাবে চিহ্নিত করা যায়।
- সবর্দা সঠিক আকারের ফিউজ ব্যবহার করুন, অপেক্ষাকৃত বড় আকারের একটি ফিউজ দিয়ে বদল করলে সেটি তারের মধ্যে অতিরিক্ত পরিমাণ বিদ্যুত্ পরিবহন করতে পারে এবং আগুন লাগার সম্ভাবনা থাকে।
- শক্তি সাশ্রয় ও আউটলেটসমূহের উপর অতিরিক্ত চাপ পড়া প্রতিরোধ করতে পাওয়ার স্ট্রিপ বা স্মার্ট স্ট্রিপ ব্যবহার করুন।
- শিশুদেরকে এবং পোষা প্রাণীদেরকে রক্ষা করার জন্য অব্যবহৃত আউটলেটসমূহের উপর সুরক্ষা কভার রাখুন।

সচেতন থাকবেন যে অস্বাভাবিক উষ্ণ বা গরম আউটলেট, স্ফুলিঙ্গ বা ঝিকিমিকি আলো, ভো-ভো শব্দ বা বের্কার যা অব্যাহতভাবে চলতে থাকে সেগুলো অরক্ষিত তার থাকার চিহ্ন হতে পারে। একজন অভিজ্ঞ ইলেক্ট্রিশিয়ানের মাধ্যমে পরিদর্শন করান এবং প্রয়োজনীয় যেকোনো মেরামত কর্ম সম্পন্ন করুন।

পানির আশেপাশে সতর্ক থাকুন: পানি খুব ভালো বিদ্যুত্ পরিবাহী এবং এটি মারাত্মক ইনজুরি সৃষ্টি করতে পারে।

- সকল যন্ত্রপাতি পানির উত্সসমূহ থেকে দূরে রাখুন।
- ভেজা হাতে, পানিতে দাঁড়ানো অবস্থায় বা বাথটাবে অথবা শাওয়ারে থাকাকালীন কোনো প্রকার বৈদ্যুতিক যন্ত্রপাতি পরিচালনা করবেন না।
- গ্রাউন্ড ফল্ট সার্কিট ইন্টারাপ্টার (GFCI) আউটলেটসমূহ বাথরুম, কিচেন, গ্যারেজ, বেসমেন্ট বাইরের বাক্সসমূহের জায়গা বা পানির উত্সসমূহের নিকটবর্তী এলাকায় স্থাপন করতে হবে যাতে পানি ও বিদ্যুত্ পারস্পরিক সংস্পর্শে আসার কারণে সৃষ্ট মারাত্মক শক প্রতিরোধ করা যায়।

যন্ত্রপাতির ক্ষেত্রে সুরক্ষা নিয়মাবলী অনুসরণ করুন

- যন্ত্রপাতি স্থাপন ও পরিচালনার সময় ব্যবহারকারীর ম্যানুয়ালের নির্দেশনাবলী অনুসরণ করুন। ত্রুটিপূর্ণ ব্যবহারের ফলে ইলেক্ট্রিক শক বা অগ্নিসংযোগের ঘটনা ঘটতে পারে।
- যন্ত্রপাতি এবং ইলেক্ট্রনিক্স রক্ষা করতে তরঙ্গ প্রতিরোধক ব্যবহার করুন।
- কফিমেকার, টোস্টার ওভেন এবং অন্যান্য যন্ত্রপাতি ব্যবহারের পর সেগুলোর প্লাগ খুলে রাখুন।

ব্যবসা প্রতিষ্ঠানে বা বাড়ির বাইরে

পাওয়ার লাইনগুলোর দিকে লক্ষ্য রাখুন: বিদ্যুতের তারসমূহ আলাদা করে না রাখলে এবং অতিরিক্ত বিদ্যুত্ পরিবহন করলে মারাত্মক আহত হওয়া বা মৃত্যু ঘটাতে পারে। কখনোই মনে করবেন না যে তার স্পর্শ করা নিরাপদ। এইসকল নিরাপত্তা টিপস অনুসরণ করুন:

- বিদ্যুতের সার্ভিস তারের কাছে মই রাখবেন না। মই বহন করা, সরানো বা তোলার সময় মইকে কমপক্ষে 10 ফুট দূরে রাখুন।
- বিদ্যুতের লাইনের পাশে অবস্থিত ছাদ বা অবকাঠামোর উপর কাজ করার সময় লাইন স্পর্শ করা থেকে বিরত থাকুন। টুল, পাইপ, লাম্বার বা সাইডিং এর মাধ্যমে কাজ করার তার থেকে দূরে থাকুন - এগুলোর সবই বিদ্যুত্ পরিবহন করতে পারে।
- কেটে সাফ করার কাজ করার সময় কোনো বিদ্যুতের লাইন স্পর্শ করা বা কোনো অঙ্গ বিদ্যুতের লাইনের মধ্যে চলে যাওয়া পরিহার করতে উপরে ও চারপাশে দেখে নিন।
- বিদ্যুতের লাইনের পাশে ঘুড়ি, মডেল এয়ারপ্লেন বা বেলুন ওড়াবেন না। কখনোই বিদ্যুতের লাইনে আটকে গেছে এমন কোনো বস্তু (গাছের অংশ, ঘুড়ি, প্লেন ইত্যাদি) বস্তু সরানোর চেষ্টা করবেন না। আপনার পাওয়ার কোম্পানিকে কল করুন এবং আপনার সমস্যা সম্পর্কে তাদেরকে জানান।
- বিদ্যুতের তারের পাশে থাকা গাছে চড়বেন না, খেলবেন না বা কাজ করবেন না।
- খুটিতে ঝুলন্ত বা মাটিতে পড়ে থাকা কোনো তারের কাছে যাবেন না: সকল তারকে জীবন্ত এবং বিপজ্জনক হিসেবে বিবেচনা করুন। সাথে সাথে আপনার বিদ্যুত্ সরবরাহকারী কোম্পানিকে কল করুন। ছিঁড়ে পড়া বৈদ্যুতিক তার থেকে শিশু ও পোষা প্রাণীদের দূরে রাখুন। সম্ভব হলে একজন সার্ভিস কর্মী না আসা পর্যন্ত সেই জায়গায় থেকে অন্যান্যদেরকে সতর্ক করুন।
- যদি আপনার গড়ির উপর কোনো লাইন এসে পড়ে তাহলে লাইনটি না সরানো পর্যন্ত বা পাওয়ার কোম্পানির কর্মী কর্তৃক নিরাপদ ঘোষণা না করা পর্যন্ত গাড়ির মধ্যেই অবস্থান করুন। আপনি যতক্ষণ গাড়ির মধ্যে থাকবেন ততক্ষণ রাবারের টায়ার নিরোধক হিসেবে কাজ করে যা আপনাকে রক্ষা করবে।
- শক খাওয়া কোনো ব্যক্তিকে কখনোই স্পর্শ করবেন না, শরীরের স্পর্শের মধ্য দিয়ে শক ছড়িয়ে পড়তে পারে।